

# শ্রমিক নিরাপত্তা ফোরাম

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

কার্যক্রম পরিচালনায়: **BILS-Policy Support and Campaign for Workplace**

**Safety & Livelihoods Security for Workers**

(শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য ক্যাম্পেইন)

সহযোগীতায় : মানুষের জন্য ফাউন্ডেশন

## ভূমিকা:

কর্মস্থলে শ্রমিকের নিরাপত্তা নিশ্চিতকরণে ২০০৫ সালে জাতীয় পর্যায়ে মানবাধিকার সংগঠন ও ট্রেড ইউনিয়ন ফেডারেশনের সমন্বয়ে “শ্রমিক নিরাপত্তা ফোরাম” গঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স উক্ত ফোরামের সচিবালয় হিসেবে দায়িত্ব পালন করছে।

শ্রমিক নিরাপত্তা ফোরামের এর উদ্যোগে জানুয়ারি ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৪ ইং পর্যন্ত যেসব কর্মসূচী পরিচালিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচী নিম্নে তুলে ধরা হলো:

## ১. সাভার রানা প্লাজা ধ্বস এক বছর পূর্তি উপলক্ষ্যে নিহত ও নিখোঁজদের স্মরণে মোমবাতি প্রজ্জলন :

২৩ এপ্রিল ২০১৪ তারিখে সাভার রানা প্লাজা ১ বছর পূর্তি উপলক্ষ্যে বিলস কর্তৃক আয়োজিত সাভার রানা প্লাজার সামনে নিহত ও নিখোঁজ আছেন তাদের স্মরণে মোমবাতি প্রজ্জলন অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠান উদ্বোধন করেন সাভার এর সংসদ সদস্য জনাব ডা: মো: এনামুর রহমান। বিলসের পক্ষে উপস্থিত ছিলেন বিলসের সহকারী নির্বাহী পরিচালক জনাব সৈয়দ সুলতান উদ্দিন আহমেদ, বিলস এসএসএন প্রকল্পের প্রজেক্ট অফিসার নাজমা ইয়াসমিন, বিলসের প্রোগ্রাম অফিসার কোহিনূর মাহমুদ সহ অনেকেই উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, উক্ত মোমবাতি প্রজ্জলন অনুষ্ঠানে এগারটি খণ্ডে প্রায় ৪৫ হাতের কাঠের সিঁড়ির উপর রানা প্লাজায় নিহত ও নিখোঁজদের স্মরণে মোমবাতি প্রজ্জলন করা হয়।



## ২. রানা প্লাজার এক বছর পূর্তিতে শ্রমিক নিরাপত্তা ফোরাম রাজধানীর জুরাইন কবরস্থানে নিহত শ্রমিকদের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানায়:

দেশের ইতিহাসে ভয়াবহ শিল্প বিপর্যয় রানা প্লাজা ভবনধ্বংস আমাদের কাছ থেকে কেড়ে নিয়েছে হাজারো প্রাণ, অক্ষম করেছে চরম অসহায়ত্বের মধ্যে নিপতিত শত শত শ্রমের হাত। এই বিপর্যয়সমূহ দেশের নিরাপদ কর্মক্ষেত্র নিশ্চিত করার উদ্দেশ্যে ব্যাপক জনমত গড়ে তোলার প্রয়োজনীয়তাকে জোড়ালো করে দিয়েছে। রানা প্লাজার এক বছর পূর্তিতে শ্রমিক নিরাপত্তা ফোরাম (ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ ও মানবাধিকার সংগঠনের নেতৃবৃন্দ) রানা প্লাজায় নিহতদের স্মরণে ২৩ এপ্রিল ২০১৪ তারিখে জুরাইন কবরস্থানে নিহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করার জন্য সমবেত হন। শ্রমিকদের নিরাপত্তা ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শাহবাগ থেকে একটি বাস সাজিয়ে র্যালির মাধ্যমে সহায়ক প্রচারপত্র বিলি করা হয়।



### ৩. তাজরীণ ট্র্যাজেডীর দুই বছর উপলক্ষে শ্রমিক নিরাপত্তা ফোরাম এর উদ্যোগে নিহত শ্রমিকদের কবরে শ্রদ্ধার্ঘ্য অর্পণ ও প্রতিবাদ সভা:

ভয়াবহ তাজরীণ ট্র্যাজেডীর দুই বছর পালন উপলক্ষে শ্রমিক নিরাপত্তা ফোরাম ২৪ নভেম্বর সকাল সাড়ে ৮টায় ঢাকার জুরাইন কবরস্থানে নিহত শ্রমিকদের কবরে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছে। শ্রদ্ধার্ঘ্য অর্পণ শেষে একটি প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা নিহত, আহত ও নিখোঁজ শ্রমিক ও তাদের পরিবারের জন্য আইএলও কনভেনশন ১২১ অনুযায়ী যথাযথ ক্ষতিপূরণ প্রদান নিশ্চিত করা, তাজরীণ ফ্যাশনের মালিক দেলোয়ারসহ সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদেরকে অবিলম্বে গ্রেফতার, দ্রুত বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনা, আহত শ্রমিকদের দীর্ঘমেয়াদী সুচিকিৎসার ব্যবস্থা করা, জুরাইন কবরস্থানে দাফন হওয়া নিহত শ্রমিকদের স্মরণে স্মৃতিস্তম্ভ ও তাদের কবর স্থায়ীভাবে চিহ্নিত করে রাখার ব্যবস্থা করা, মালিক বা দায়িত্বশীল কোন পক্ষের অবহেলা ও গাফিলতির কারণে ভবিষ্যতে যেন তাজরীণ বা রানা প্লাজার মতো দুর্ঘটনা না



ঘটে সেজন্য সরকার কর্তৃক প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করার দাবী তুলে ধরেন। সভায় শ্রমিক নিরাপত্তা ফোরাম এর সদস্য সচিব সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ এর পরিচালনায় সংহতি বক্তব্য রাখেন জাতীয় শ্রমিক লীগ এর সভাপতি আলহাজ্ব শুকুর মাহমুদ, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স এর সম্পাদক ডা. ওয়াজেদুল ইসলাম খান, জাতীয় শ্রমিক জোট এর সভাপতি মেজবাহউদ্দিন আহমদ, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের কেন্দ্রীয় উপদেষ্টা ও বিল্‌স এর অর্থ সম্পাদক প্রকৌশলী মো: কবীর হোসেন, শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ (স্কপ) এর যুগ্ম আহ্বায়ক ও সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট এর সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন, জাতীয় গার্মেন্টস শ্রমিক ফেডারেশন এর সাধারণ সম্পাদক আমিরুল হক আমিন, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ এর সভাপতি সিরাজুল ইসলাম রনি, সম্মিলিত গার্মেন্টস শ্রমিক ফেডারেশন এর সভাপতি নাজমা আক্তার, বাংলাদেশ লেবার ফেডারেশন এর মহিলা কমিটির আইন সম্পাদক এ্যাড. মাহবুবা সুলতানা, মানবাধিকার সংগঠন সেইফটি এন্ড রাইটস এর নির্বাহী পরিচালক মো: সেকান্দার আলী মিনা, একশন এইড বাংলাদেশ এর প্রতিনিধি আমানুর রহমান সহ আইন ও সালিশ কেন্দ্র, বাংলাদেশ লিগ্যাল এইড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), জাগো বাংলাদেশ এর প্রতিনিধিবৃন্দ। সংহতি বক্তব্য পর্বের পর নিহত শ্রমিকদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

